

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০০৬.২৪ নথির বিষয়: Binding of 30 nos. Ledger Book under Store Division, Dhaka WASA

নোট: ১ নোটের বিষয়: Binding of 30 nos. Ledger Book under Store Division, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৩/৫/২৪ ১১:০২ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্ব ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডুস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডুস জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক মালামাল গ্রহণ ও ইস্যুকের গুরুত্বপূর্ণ তথ্যাদি খতিয়ান (লেজার বুক) বইয়ে সংরক্ষণ করা হয়ে থাকে। তদ্ব্যবধি বর্তমানে ৩০টি খতিয়ান (লেজার বুক) বইয়ের বিভিন্ন পাতা ছিড়ে ও খুলে যাওয়ায় (সংযুক্তি: খতিয়ান (লেজার বুক) বইয়ের বর্তমান অবস্থার ছবি) প্রায় ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। যা অত্যন্ত জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় বাঁধাই কাজ করে যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৩/৫/২৪ ১১:০২ পূর্বাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে “Binding of 30 nos. Ledger Book under Store Division, Dhaka WASA” শীর্ষক কাজের জন্য বর্তমান বাজার দরের (সংযুক্তি-৩) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হ’ল। যাতে প্রাক্কলিত মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,০০০.০০ (চব্বিশ হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার থোক বরাদ্দের (সংযুক্তি: এপিপি কপি, ক্রমিক নং-৫০, প্যাকেজ-এফ) আওতায় বাস্তবায়ন করা হবে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের অফিস রক্ষণাবেক্ষণ খাত (কোড: ০১-০২-০১২) হতে বহন করা হবে। কাজটি অতীব জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (৫):




- ১। এপিপি কপি.
- ২। খতিয়ান (লেজার বুক) বইয়ের বর্তমান অবস্থার ছবি.
- ৩। বর্তমান বাজার দরের সপক্ষে সংগৃহীত কোটেশন-৩টি.
- ৪। প্রাক্কলন.
- ৫। প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৩/৫/২৪ ১১:০৩ পূর্বাহ্ন

এমতাবস্থায়, “Binding of 30 nos. Ledger Book under Store Division, Dhaka WASA” শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৪,০০০.০০ (চব্বিশ হাজার) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial




নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

			
২৩/৫/২৪ ১১:২৪ পূর্বাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	২৩/৫/২৪ ৪:৪৭ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	২৬/৫/২৪ ১০:৩৩ পূর্বাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্তাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	২৬/৫/২৪ ১০:৩৩ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৬/৫/২৪ ৬:০৬ অপরাহ্ন

Okay

			
২৬/৫/২৪ ৬:০৬ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৭/৫/২৪ ১১:২২ পূর্বাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্তাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	২৭/৫/২৪ ৩:১১ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	২৭/৫/২৪ ৩:১১ অপরাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা